ঝিনাইদহে সাড়ে ৭ হাজার অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঝিনাইদহে সাড়ে ৭ হাজার দরিদ্র-অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ শুক্রবার সকালে শহরের আরাপপুরে জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ ও জোহান পরিবারের পক্ষ থেকে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

সকালের প্রথম প্রহর থেকেই শহরের বিভিন্ন এলাকা থেকে নারী-পুরুষ ও বয়স্ক মানুষ খাদ্য সহায়তা নিতে আরাপপুর এলাকায় জড়ো হন। অনেকেই দীর্ঘ লাইনে দাঁড়িয়ে খাদ্য সামগ্রী সংগ্রহ করেন। আয়োজকদের পক্ষ থেকে প্রতিটি পরিবারের জন্য ৮ কেজি চাল, ১ কেজি চিনি এবং আধা কেজি সেমাই প্রদান করা হয়, যা পেয়ে উপকারভোগীরা সন্তুষ্টি প্রকাশ করেন।

আয়োজকরা জানায়, সমাজের অসহায় ও নিম্নআয়ের মানুষের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। ভবিষ্যতেও এ ধরনের মানবিক

কার্যক্রম অব্যাহত থাকবে বলেও তারা জানান।

মেহেরপুরের রাধাকান্তপুরে যুব সমাজের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামে যুব সমাজের পক্ষ থেকে অসহায় কর্মহীন পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে প্রায় ৫০ পরিবারকে এই খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়।

করোনার সংকটময় পরিস্থিতি এবং পবিত্র ঈদুল ফিতর কে সামনে রেখে খাদ্য বিতরণ অব্যাহত থাকবে বলে জানান যুব সমাজের সদস্যরা।

এ সময় বর্তমান পরিস্থিতি মোকাবেলায় সবাইকে যার যার অবস্থান থেকে গরীব, দুস্থ, অসহায়, কর্মহীন মানুষের পাশে দাঁড়ানোর আহবান জানান যুব সমাজ।

খাদ্য বিতরণে সহযোগিত করেন সুজন, সেন্টু, শামীম, জাহিদ, জহিরুল, এরশাদ, কাবিদুল, রাহুল, আনিস, তাছিকুল প্রমুখ।

কাথুলি ইউপি চেয়ারম্যানের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমানের উদ্যোগে হত দরিদ্রদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করেন।

মঙ্গলবার সকাল থেকে তিনি ইউনিয়নের বিভিন্ন গ্রামে অসহায় হতদরিদ্রদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেন।

দেশে করোনা বিস্তার রোধে বিভিন্ন পেশার মানুষের কাজ বন্ধ থাকায় তাদের পরিবারগুলো বিপাকে পড়ার কারণে এ খাদ্য সহায়তা বিতরণ করা হয় বলে জানান চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

তিনি বলেন দেশে যখন থেকে লকডাউন শুরু হয়েছে তখন থেকেই খাদ্য সহায়তা বিতরণ করা হচ্ছে। যতদিন দেশে স্বাভাবিক পরিস্থিতি না ফিরে আসবে ততদিন এ খাদ্য সহায়তা চলমান থাকবে বলে তিনি জানান।

সাথে সাথে তিনি করোনা বিস্তার প্রতিরোধে সকলকে সামাজিক দুরত্ব মেনে চলার পরামর্শ দিয়েছেন। তিনি সকলের উদ্দেশ্যে বলেন দেশে যারা দরিদ্র শ্রেনীর মানুষ আছেন তাদের দ্বায়িত্ব সরকার নিয়েছেন তাদেরকে সরকার ঘরে খাবার পৌছে দিবেন।

এজন্য কাউকে বিচলিত না হয়ে সামাজিক দুরত্ব মেনে চলার আহবান জানিয়েছেন।